

# Visit of External Affairs Minister to Slovakia and the Czech Republic (June 02-06, 2022)

June 01, 2022

## পররাষ্ট্র বিষয়ক মন্ত্রীর স্লোভাকিয়া এবং চেক প্রজাতন্ত্র সফর (জুন 02-06, 2022)

জুন 01, 2022

পররাষ্ট্র বিষয়ক মন্ত্রী (ইএম) ডঃ এস জয়শংকর 02 থেকে 06 জুন 2022 -এ স্লোভাকিয়া এবং চেক প্রজাতন্ত্রে একটি সরকারি সফর করবেন।

02 থেকে 04 জুন 2022 -এ তার ব্রাটিস্লাভা সফরকালে বিদেশমন্ত্রী স্লোভাকিয়ার প্রধানমন্ত্রী হিজ এক্সেলেন্সি মিস্টার এডুয়ার্ড হেগর-এর সাথে সাক্ষাৎ করবেন এবং স্লোভাকিয়ার বিদেশ ও ইউরোপ বিষয়ক মন্ত্রী হিজ এক্সেলেন্সি মিস্টার আইভান করকক-এর সাথে দ্বিপাক্ষিক আলোচনা করবেন।

তিনি গ্লোবসেক (জিএলওবিএসইসি) 2022 ফোরামেও অংশগ্রহণ করবেন এবং 'বন্ধুত্বকে পরবর্তী স্তরে নিয়ে যাওয়া: ভারত-প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলে জোট' বা 'টেকিং ফ্রেন্ডশিপ টু দ্য নেক্সট লেবেল: অ্যালাইস ইন দ্য ইন্ডো-প্যাসিফিক রিজিয়ন' বিষয়ের উপরে বক্তব্য রাখবেন।

গ্লোবসেক 2022 ফোরামের পাশাপাশি বিদেশমন্ত্রীর, অস্ট্রিয়ার ইউরোপীয় ও আন্তর্জাতিক বিষয়ক মন্ত্রী হিজ এক্সেলেন্সি মিস্টার আলেকজান্ডার স্ক্যালেনবার্গ-এর সাথে বৈঠক করার কথা আছে।

04 থেকে 06 জুন অবধি চেক প্রজাতন্ত্র সফরকালে বিদেশমন্ত্রী চেক প্রজাতন্ত্রের বিদেশমন্ত্রী হিজ এক্সেলেন্সি মিস্টার জান লিপাভস্কির সাথে আলোচনা করবেন। এই আলোচনাটি আমাদের দ্বিপাক্ষিক সম্পর্কের ব্যাপক পর্যালোচনা করার একটা সুযোগ প্রদান করবে। চেক প্রজাতন্ত্র জুলাই 01, 2022 থেকে ইইউ-র সভাপতিত্ব গ্রহণ করবে।

দুই দেশের রাজনৈতিক নেতাদের সাথে বৈঠকের অতিরিক্ত বিদেশ মন্ত্রী স্লোভাকিয়া এবং চেকপ্রজাতন্ত্রে ভারতীয় শিক্ষার্থী সহ প্রবাসী ভারতীয়দের একাংশের সাথেও আলাপ আলোচনা করবেন।

ভারত ঐতিহ্যগত ভাবে স্লোভাকিয়া এবং চেক প্রজাতন্ত্র এই উভয় দেশের সাথেই ঘনিষ্ঠ ও বন্ধুত্বপূর্ণ সম্পর্ক উপভোগ করে। বিদেশমন্ত্রীর সফর, এই দুটি মধ্য ইউরোপীয় দেশের সাথে দ্বিপাক্ষিক সম্পর্ককে আরও গতি প্রদান করবে।

নিউ দিল্লি

জুন 01, 2022

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.